# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৪১: শোক প্রকাশ করার উদ্দেশ্যে মৃত ব্যক্তির পরিবার- পরিজনের নিকটে যাওয়ার হুকুম কি?

শরী‘আতে এর কোনো ভিত্তি নেই। কিন্তু কেউ যদি আপনার আত্মীয় হয় এবং আপনি না গেলে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন হওয়ার ভয় থাকে, তাহলে গেলে সমস্যা নেই। তবে মৃতের পরিবারের সদস্যদের জন্য তাদের বাড়িতে একত্রিত হওয়া এবং শোক প্রকাশকারীদের সাক্ষাত গ্রহণের জন্য অপেক্ষা করা শরী‘আত সম্মত নয়। এমনকি সালাফে ছালেহীনের কেউ কেউ এমন আমলকে নিষিদ্ধ বিলাপ ও মাতমের অন্তর্ভুক্ত গণ্য করেছেন। সেজন্য নিয়ম হল, শোকাহতরা তাদের বাড়ীর দরজা বন্ধ করে দিবে। বাজারে বা মসজিদে তাদের সাথে এমনিতেই কারো সাক্ষাত হয়ে গেলে শোক প্রকাশ করবে। এখানে দু’টি বিষয় উল্লেখযোগ্যঃ

একঃ শোক প্রকাশের জন্য মৃতের পরিবারের কাছে যাওয়া। এটি বৈধ নয়। তবে যেমনটি আমি বলেছি, যদি তার আত্মীয় হয় এবং তাদের কাছে না গেলে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন হয়ে যাওয়ার ভয় থাকে, তাহলে সেটি ভিন্ন কথা।

দুইঃ শোক প্রকাশকারীদের অভ্যর্থনার জন্য অপেক্ষা করা। এরও কোন ভিত্তি নেই। এর সাথে যদি সান্ত্বনা প্রদানকারীদের খাবারের আয়োজন যোগ করা হয়, তাহলে সালাফে ছালেহীনের কেউ কেউ ইহাকে নিষিদ্ধ বিলাপ ও মাতমের অন্তর্ভুক্ত গণ্য করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1698

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন